



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

পল্লী ভবন

৫, কাওরান বাজার, ঢাকা

www.brdb.gov.bd

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৩০২.৯৯.১৭৮.৯০- ১১৯৭

তারিখ- ০৯/০২/২০১৭ খ্রি।

"অফিস আদেশ"

বিআরডিবি, সদর দপ্তর, ঢাকা এর স্মারক নং-৪৭.৬২.০০০০.৩০২.৯৯.১৭৮.৯০.১২০৩৬ তারিখ-২১/১১/২০১৬ মোতাবেক বিগত ০৭-১১-২০১৬ খ্রি. তারিখে বিআরডিবি'র অভ্যন্তরীণ সমন্বয় সভায় মাঠ পর্যায়ের আর্থিক শৃঙ্খলার নিশ্চয়তা বিধানের লক্ষ্যে গৃহীত কতিপয় সিদ্ধান্তের আলোকে কিছু নির্দেশনা প্রতিপালনের জন্য পরিপত্র জারী করা হয়েছিল। কিন্তু লক্ষ্য করা গেছে যে, এখনো অনেক উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জারীকৃত পরিপত্রের আলোকে ব্যবস্থা গ্রহণ করেননি, যা সদর কার্যালয় প্রদত্ত নির্দেশনার বরখেলাপ ও শাস্তিযোগ্য অপরাধ।

এমতাবস্থায় জারীকৃত উল্লিখিত পরিপত্রে উল্লেখিত নির্দেশনা সমূহ যথাযথ ভাবে প্রতিপালনসহ এখন হতে সকল প্রকার "চেক বহি" এবং "স্থায়ী আমানত রশিদ" আয়ন ব্যয়ন কর্মকর্তার হেফাজতে রাখার জন্য পুনরায় অনুরোধ করা হলো।

প্রদত্ত নির্দেশনার ব্যত্যয়জনিত কারণে কোন প্রকার আর্থিক অনিয়ম সংঘটিত হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণ ব্যক্তিগত ভাবে দায়ী হবেন।

"বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ"

(স্বপন কুমার নাথ)
যুগ্মপরিচালক (অর্থ ও হিসাব)
বিআরডিবি, ঢাকা।

সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রদান করা হলো -

- ০১। পরিচালক (সকল) -----বিআরডিবি,-----।
- ০২। উপপরিচালক, প্রোগ্রামিং, বিআরডিবি, ঢাকা। ওয়েব সাইটে প্রকাশের জন্য।
- ০৩। উপপরিচালক (সকল) ----- জেলাদপ্তর, বিআরডিবি, -----।
(আপনার আওতাধীন সকল উপজেলার ইউআরডিওগণকে অবহিতকরণ ও বিষয়টির নিশ্চয়তা বিধানের জন্য অনুরোধ করা হলো)।
- ০৪। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ০৫। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (সকল)-----, বিআরডিবি-----।
- ০৬। অফিস নথি।